



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ১৪০

নাটোরে বিএসটিআই কর্তৃক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

রাজশাহী; ৩ পৌষ (১৮ ডিসেম্বর):

আজ বুধবার (১৮ ডিসেম্বর) নাটোর জেলার বিভিন্ন এলাকায় জেলা প্রশাসন ও বিভাগীয় বিএসটিআইয়ের উদ্যোগে মোবাইল কোর্ট পরিচালিত হয়।

অভিযানে বিএসটিআই হতে পরীক্ষণ ব্যতিরেকে ও সিএম লাইসেন্স গ্রহণ না করে ব্যাটারি পানি উৎপাদন, বিক্রয় ও বিতরণ করার অপরাধে নাটোরের সিংড়ার খেজুরতলাস্থ এম কে এস ট্রেডার্সের স্বত্বাধিকারী জিয়াউর রহমানকে ৫০ হাজার টাকা জরিমানা ও কারখানাটি সিলগালা করা হয়। উক্ত মোবাইল কোর্টটি পরিচালনা করেন সিনিয়র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রিজু তামান্না। প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন বিএসটিআইয়ের ফিল্ড অফিসার (সিএম) মো. দেলোয়ার হোসেন।

জনস্বার্থে এ রকম অভিযান অব্যাহত থাকবে বলে বিএসটিআই সূত্রে জানা যায়।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৪:৪০ ঘ.